

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ জানুয়ারী ২০২৩ খ্রি.

আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা পর্যবেক্ষনের উদ্দেশ্যে সিটি মেয়রের দক্ষিণ কোরিয়া যাত্রা ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা পর্যবেক্ষনের উদ্দেশ্যে আজ মঙ্গলবার বিকেলে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর থেকে অভ্যন্তরীণ একটি ফ্লাইটে ঢাকায় রওনা হয়েছেন। বিমান বন্দরে সিটি মেয়রকে বিদায় জানান চসিকের ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটন, ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, অধ্যাপক মো. ইসমাইল, জহর লাল হাজারী, আবদুস সালাম মাসুম, আতাউল্লাহ চৌধুরী, নুর মোস্তফা টিনু, ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা খালেদ মাহমুদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বুলন কুমার দাশ, নির্বাহী প্রকৌশলী মির্জা ফজলুল কাদের, সিবিএ'র ভারপ্রাপ্ত সভাপতি জাহিদুল আলম চৌধুরীসহ উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

মেয়র ঢাকা থেকে সন্ধ্যা ৭টায় দক্ষিণ কোরিয়ার পথে রওনা হবেন। মেয়র রেজাউল করিম চৌধুরী আগামী ১৭ জানুয়ারি দেশে ফিরবেন বলে কথা রয়েছে। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী দক্ষিণ কোরিয়া অবস্থানকালে রামপুর ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র আবদুস সবুর লিটন ভারপ্রাপ্ত মেয়র হিসাবে দায়িত্ব পালন করবেন। সিটি মেয়রের সফর সঙ্গী হিসেবে রয়েছেন চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

চসিক ভ্রাম্যমাণ আদালত

ফুটপাত দখল ও ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনার দায়ে ১৫ ব্যক্তিকে ৪৫ হাজার ০৫শত টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তাপ্তি চাকমা'র নেতৃত্বে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নগরীর ষ্টিল মিল বাজার হতে কাটগড় এলাকার রাস্তা ও ফুটপাতের জায়গা অবৈধ দখল মুক্ত করে সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়। এই সময় সর্ব সাধারণের চলাচলের রাস্তা ফুটপাত ও নালার জায়গায় দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪৫ হাজার ৫শত টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, র‍্যাভ এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩